দৈনিক
ইত্তেফাক

তারিখ 26 NOV 2017
পৃষ্ঠা ৩ কলাম ১

# ঢাবি অধিভুক্ত ৭ কলেজের অনার্স ৪র্থ বর্ষের ফল প্রকাশ

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ৭টি সরকারি কলেজের ২০১৫ সালের ৪র্থ বর্ষ বিএ/বিএসএস/বিএসসি ও বিবিএস অনার্স পরীক্ষার ফল গতকাল শনিবার প্রকাশিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

অধিভুক্ত কলেজগুলো হলো ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, কবি নজরুল কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, মিরপুর সরকারি বাঙলা কলেজ ও সরকারি তিতুমীর কলেজ।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, আগামী ১০ ডিসেম্বরের পর থেকে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত ফি প্রদান সাপেক্ষে স্ব স্ব কলেজ থেকে সাময়িক সনদ ও নম্বরপত্র সংগ্রহ করা যাবে। অনলাইনে সনদ ও নম্বরপত্রের ফি প্রদান প্রক্রিয়া www.7college.du.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।